গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৬.০০১১.২৪-১১৭৮

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

# সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ২০ একরের উর্ধ্বের অ-ইজারাকৃত বদ্ধ জলমহাল হতে খাস আদায়ের নিমিত্ত দরপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা মৌলভীবাজার জেলার প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ব্যবস্থাপনাধীন ১৪৩১ বাংলা সনে ২০ একরের উর্ধ্বের অ-ইজারাকৃত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬নং অনুচ্ছেদ মোতাবেক ১৪৩১ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০শে চৈত্র পর্যন্ত খাস আদায়ের নিমিত্ত প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের নিকট হতে সীলগালাযুক্ত মুখবন্ধ খামে নিম্নোক্ত সময় ও শর্তাধীনে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

## ১ম পর্যায়

| দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৪.০৮.২০২৪ খ্রিস্টাব্দ রবিবার অফিস সময় পর্যন্ত | ০৫.০৮.২০২৪ খ্রিস্টাব্দ সোমবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | ০৫.০৮.২০২৪ খ্রিস্টাব্দ সোমবার বিকাল ০৪.৩০ ঘটিকা | রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | --- |

## ২য় পর্যায়

| দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩.০৮.২০২৪ খ্রিস্টাব্দ মঙ্গলবার অফিস সময় পর্যন্ত | ১৪.০৮.২০২৪ খ্রিস্টাব্দ বুধবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | ১৪.০৮.২০২৪ খ্রিস্টাব্দ বুধবার বিকাল ০৪.৩০ ঘটিকা | রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | ১ম পর্যায়ে অবিক্রিত/অনুমোদিত হয়নি, এমন জলমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

## ৩য় পর্যায়

| দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২১.০৮.২০২৪ খ্রিস্টাব্দ বুধবার অফিস সময় পর্যন্ত | ২২.০৮.২০২৪ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত | ২২.০৮.২০২৪ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিকাল ০৪.৩০ ঘটিকা | রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | ২য় পর্যায়ে অবিক্রিত/অনুমোদিত হয়নি, এমন জলমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

## আবেদনের পদ্ধতি ও শর্তাবলী

১. **আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে:**

(১) নির্ধারিত ফরমে বদ্ধ সরকারি জলমহাল বন্দোবস্ত/ইজারার দরপত্র (ক্রয়কৃত সিডিউল)
(২) মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি
(৩) নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির নির্বাচিত কমিটিসহ সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি
(৪) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র

(৫) আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র

(৬) সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা) কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র

(৭) সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র

(৮) জেলা প্রশাসক, মৌলভীবাজার বরাবর প্রদেয় জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি

(৯) সমিতির গঠনতন্ত্র

(১০) সমিতির সভার কার্যবিবরণী

(১১) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে)

(১২) সর্বশেষ বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট (নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য নয়)

(১৩) মৎস্যজীবী পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

২. বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত সময়সূচী অনুযায়ী জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যেকোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্রে প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ২০% জামানত হিসেবে জেলা প্রশাসক, মৌলভীবাজার এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রদান করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যাচাইয়ের স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে।

৩. দরপত্র ফরমের প্রতিটি অংশ যথাযথভাবে পূরণ করতে হবে এবং প্রস্তাবিত মূল্য স্পষ্টভাবে (অংকে ও কথায়) লিখতে হবে। অসম্পূর্ণ, ঘষামাজা, কাটা-ছেঁড়া, ফ্লুইড ব্যবহারকৃত দরপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

৪. সর্বোচ্চ দরদাতা বিবেচিত হওয়া সমিতি/সংগঠনকে আবেদন অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে খাসমূল্য বাবদ সমুদয় অর্থ, খাসমূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট এককালীন পরিশোধ করতে হবে। জামানত বাবদ দাখিলকৃত অর্থ খাসমূল্যের সাথে সমন্বয় করা হবে। খাসমূল্য, আয়কর ও ভ্যাটের কোন অংশ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময়ের মধ্যে খাসমূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধে ব্যর্থ হলে উক্ত আবেদন বাতিল করা হবে এবং জামানত বাবদ দাখিলকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৫. ৩০শে চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ মেয়াদের পর কোনো প্রকার দায়-দাবী বা ক্ষতিপূরণ দাবী গ্রহণযোগ্য হবে না।

৬. খাস আদায়ের নিমিত্ত অনুমোদনপ্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন মা মাছ/ডিমওয়ালা মাছ শিকার করতে পারবেন না। জলমহালে সেচ করে শুকিয়ে বা নিষিদ্ধ ঘোষিত কোনো জাল দিয়ে মৎস্য আহরণ করতে পারবেন না।

৭. সংশ্লিষ্ট উপজেলার খাস আদায় কমিটির তত্ত্বাবধানে মৎস্য আহরণ করতে হবে। খাস আদায়ের জন্য প্রদত্ত আদেশ কখনোই ইজারা হিসেবে গণ্য হবে না।

৮. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিপন্থী কোনো কাজ করলে, বিজ্ঞপ্তির শর্ত ভঙ্গ করলে কিংবা অন্য কোন অনিয়ম করলে প্রদত্ত খাস আদায়ের অনুমোদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।

৯. বাতিলকৃত জলমহাল বিধি মোতাবেক পুনরায় ইজারা প্রদান/খাস আদায় করা হবে।

১০. মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর সমিতি/সংগঠন এর সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। খাস আদায়ের মেয়াদ শেষ হলে মৎস্য আহরণের জন্য অতিরিক্ত কোনো সময় মঞ্জুর করা হবে না।

১১. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোনো কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোনো প্রকার ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে প্রদত্ত খাস আদায় আদেশ বাতিল করা হবে।

১২. জলমহালের কোথাও প্রবাহমান পানি আটকে রাখা যাবে না। যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। খাস আদায়ের নিমিত্ত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

১৩. বর্তমান প্রচলিত নীতি এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন নিয়োজিত সমিতি মানতে বাধ্য থাকবেন। সরকার প্রয়োজনবোধে যেকোন সময় খাস আদায় কার্যক্রম বন্ধ/বাতিল করতে পারবেন। এতে কোনো ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৪. শুধুমাত্র দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণকারী (অবিবেচিত) মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর দরপত্রের সাথে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তির ৩য় পর্যায় অর্থাৎ দরপত্র প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন শেষে অবমুক্ত করা হবে।

১৫. খাস আদায়ের নিমিত্ত অনুমোদনপ্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন জলমহাল বা জলমহালের অংশ কোনো অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোনো ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোনো উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে তা হলে উক্ত খাস আদায় আদেশ বাতিল করা হবে।

১৬. দরপত্র যে পর্যায়ে বা সময়ে আহবান করা হোক না কেন দখল গ্রহণের পর হতে ১৪৩১ বঙ্গাব্দ ৩০শে চৈত্র পর্যন্ত খাস আদায় বলবৎ থাকবে। দখল প্রদানে/গ্রহণে বিলম্ব হয়েছে, বিলে পানি নেই, শুকিয়ে গেছে বা ভরাট হয়ে গেছে এরূপ অযুহাতে খাস আদায়ের মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না, করলে এরূপ আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৭. আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সর্ম্পকে অবহিত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে এ সংক্রান্ত কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না। জলমহালের বাস্তব অবস্থা অর্থাৎ অনাবৃষ্টির কারণে জলমহালে পানি না হওয়ায় মৎস্য উৎপাদন কম হয়েছে। অতিবৃষ্টি/বন্যার কারণে মাছ চলে গিয়েছে, জলমহালের আয়তন কম, পার্শ্ববর্তী সমিতির/ব্যক্তির বাধায় বা অন্য কোনো মামলার কারণে জলমহাল ভোগ করা যায়নি ইত্যাদিসহ অন্য যে কোনো কারণে খাস আদায়ের মেয়াদ বৃদ্ধি বা ইজারার অর্থ কম দেওয়ার আবেদন করা হলে, তা গ্রহণযোগ্য হবে না।

১৮. দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ করে পরবর্তীতে খাস আদায় নিতে অনাগ্রহী বা ইচ্ছুক নয়, এমন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন কর্তৃক দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৯. দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না এবং এক পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে দাখিল করা যাবে না। এরূপ করা হলে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২০. খাস আদায় চলাকালীন বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা ইত্যাদি কারণে ক্ষতিগ্রস্ত হলে মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি কর্তৃক তার জন্য কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না, করলে তা গ্রহণযোগ্য হবে না।

২১. কোনো মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের জঙ্গি সম্পৃক্ততা থাকলে তার দরপত্র বাতিল করা হবে।

২২. দরপত্রসমূহ যাচাই বাছাইয়ের পর জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩. জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে খাস আদায় কার্যক্রম উক্ত স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ প্রত্যাহার/নিষ্পত্তির পর পরিচালিত হবে।

২৪. জলমহাল হতে খাস আদায় সংক্রান্ত বিজ্ঞপ্তি জেলা ওয়েবপোর্টাল www.moulvibazar.gov.bd এবং জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড ও রাজস্ব (এস.এ) শাখায় পাওয়া যাবে।

২৫. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত/অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

## **১৪৩১ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য খাস আদায়যোগ্য জলমহালের তালিকা**

| ক্র. | জলমহালের নাম | মৌজা ও জেএল নম্বর | ভূমির পরিমাণ (একরে) | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | **উপজেলা: মৌলভীবাজার সদর** | | | | |
| (১) | পরচালাচারী বিল (বদ্ধ) | বুদ্ধিমন্তপুর-৫৮ | ৩০.৩৬ | ২৭,৮২৫/- | ১০৬/২০০৩নং স্বত্ব, ৪৬১০/২০১০ ও ৩৫৪/২০২০নং সিভিল রিভিশন |
| (২) | তেরাচাপড়ী বিল (বদ্ধ) | আগিউন-১২৩ | ৩১.০০ | ৬৫,৬২৫/- | ২৬৫৫/২০০৬নং সিভিল রিভিশন |
| (৩) | ধলী বিল (বদ্ধ) | নরিয়া-৫৪ | ২৯.৫৭ | ৬৫,৬২৫/- | ১০৬/২০০৩নং স্বত্ব, ৪৬১০/২০১০ ও ৩৫৪/২০২০নং সিভিল রিভিশন |
| (৪) | মরকা কালনী গোলমা (বদ্ধ) | ব্রাহ্মণগাঁও-১<br>হামরকোনা-৪<br>বিলগুঞ্জরী-৬ | ২৬.৮৫ | ৪২,২৮৯/- | |

| ক্র. | জলমহালের নাম | মৌজা ও জেএল নম্বর | ভূমির পরিমাণ (একরে) | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (৫) | বেরী বাঁধ ২য় খন্ড (বদ্ধ) | মানিক হাওর-১৫৫ | ৩১.৭৫ | ৩,১৭,৩৮৯/- | |
| (৬) | গোপলা (বদ্ধ) | আথানগিরি-১২১<br>কাগাবলা-১২৮ | ৩৪.৩১ | ৩,৬৭,৫০০/- | ৪২৬৫/২০১৪নং রিট পিটিশন |
| | **উপজেলা: শ্রীমঙ্গল** | | | | |
| (৭) | বয়রা বিল (বদ্ধ) | বরুনা-৪৭ | ৯২.০৫ | ১,৯৭,২০৯/- | ৫১৬৪/২০১৯ ও ১২৬৯৪নং রিট পিটিশন, ২২১৯/২০২০নং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল |
| | **উপজেলা: রাজনগর** | | | | |
| (৮) | ভূরভূরি বিল (বদ্ধ) | চানভাগ-৩৩<br>উত্তরভাগ-৩২ | ৮৩.৯১ | ১,১১,১৬৭/- | |
| (৯) | জলুয়া বরখা বিল (বদ্ধ) | উত্তরভাগ-৩২ | ৩৬.৫৫ | ১,৩২,৯৯৪/- | |
| (১০) | পেয়ালা বিল (বদ্ধ) | হাওর কাউয়াদিঘী পশ্চিম-৮ | ২৭.৬৩ | ২,৯৩,১৮১/- | |
| (১১) | মেলাগড় বিল (বদ্ধ) | হাওর কাউয়াদিঘী পশ্চিম-৮ | ৩০.১২ | ২,৯১,৮৩৪/- | |
| (১২) | ভূয়ানাগা বিল ও নেয়ামতের ডোবা (বদ্ধ) | হাওর কাউয়াদিঘী পশ্চিম-৮ | ৬৩.৩৭ | ৭,৮৬,৫৩৭/- | |
| (১৩) | করাদাইড় ১ম, ২য় ও ৩য় খন্ড (বদ্ধ) | হাওর কাউয়াদিঘী পশ্চিম-৮<br>রশিদপুর-৬<br>মোহাম্মদপুর-৫<br>কাছিমপুর-৪<br>অন্তেহরি-৩ | ৬১.৫৩ | ৭,৬৪,৯৯৯/- | |
| | **উপজেলা: কুলাউড়া ও জুড়ী** | | | | |
| (১৪) | চকিয়া বিল গ্রুপ (বদ্ধ) | চাতলা হাওর-১৭২<br>কোরবানপুর-২১ | ৯১৮.৫০ | ১,২৭,২১,৩৬৪/- | |
| (১৫) | গোগালীছড়া (বদ্ধ) | দৌলতপুর-৫৫<br>মীরশংকর-৬৭<br>কোরবানপুর-২১<br>শাহাপুর-২২ | ২৬.৬০ | ১,৮৭,২৯৩/- | ২২৬/২০২২নং স্বত্ব মামলা |
| | **উপজেলা: কুলাউড়া ও বড়লেখা** | | | | |
| (১৬) | হাওয়া বর্নি সিংরাজুরী ও ফুট বিল গ্রুপ (বদ্ধ) | হাওর-৪<br>শশারকান্দি-২০<br>বাদে সিংনাদ-৮৬ | ৪৭৪.৯০ | ৪৩,৫৮,৯৩০/- | ৩৫৮/২০২১নং রিট পিটিশন |
| | | | | | |
| (১৭) | গৌরাঙ্গা বিল (বদ্ধ) | ধামাই চা বাগান-১৩৯ | ২৫.৭২ | ৩,৬৭,৭৫৪/- | |
| | **উপজেলা: বড়লেখা** | | | | |
| (১৮) | নিরাই বিল ও খাল (বদ্ধ) | ইসলামপুর-৮৪ | ৩৪.৫২ | ২,৭৫,৯৪০/- | |
| (১৯) | হোগলা বরাং তামসাকুড়ি ও সিংজুড়ী গ্রুপ (বদ্ধ) | সিংজুরী-৮৮<br>ইসলামপুর-৮৪ | ৫৫৬.৯৮ | ৪১,৩২,২৩২/- | |
| (২০) | সিংজুড়ী আগার (বদ্ধ) | মুর্শিবাদকুরা-৮৯<br>হাকালুকি-৮২ | ২৭.৭০ | ১,২১,৩৪৬/- | |

| ক্র. | জলমহালের নাম | মৌজা ও জেএল নম্বর | ভূমির পরিমাণ (একরে) | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (২১) | চাতলা বিল গ্রুপ (বদ্ধ) | চাতলা হাওর-১৭২ | ৫১৮.০০ | ৮১,১৫,৬২৫/- | |
| (২২) | দুধাই বিল | সিংজুড়ী-৮৮ | ৬৯.৮৪ | ৮,৮৬,৭৭২/- | |

**বিশেষ দ্রষ্টব্য:** জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে খাস আদায় কার্যক্রম উক্ত স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/নিবারণমূলক আদেশ প্রত্যাহার/নিষ্পত্তির পর পরিচালিত হবে।

২৮.০৭.২৪

(ড. উর্মি বিনতে সালাম)

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

মৌলভীবাজার

ফোন: ০২৯৯৬৬৮৩২০২

ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৬.০০১১.২৪-১১৭৮/১(২৬৮)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বীর মুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, ২৩৮-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-৪
২. জনাব মোঃ শাহাব উদ্দিন, মাননীয় সংসদ সদস্য, ২৩৫ মৌলভীবাজার নির্বাচনী এলাকা-১
৩. জনাব শফিউল আলম চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ২৩৬ মৌলভীবাজার নির্বাচনী এলাকা-২
৪. জনাব মোহাম্মদ জিল্লুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ২৩৭ মৌলভীবাজার নির্বাচনী এলাকা-৩
৫. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৮. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ
৯. পুলিশ সুপার, মৌলভীবাজার
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার
১১. সিভিল সার্জন, মৌলভীবাজার
১২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার
১৪. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার
১৫. চেয়ারম্যান ............................ উপজেলা পরিষদ (সকল), মৌলভীবাজার
১৬. উপজেলা নির্বাহী অফিসার ............................ (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড ও উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৭. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পওর বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার
১৮. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি মাইকিংযোগে গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৯. জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার

২০. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার

২১. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার

২২. মেয়র .............................. পৌরসভা (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল ও আওতাধীন ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে বিজ্ঞপ্তিটি মাইক/ঢোলসহরতের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

২৩. সহকারী কমিশনার (ভূমি) .............................. (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল ও আওতাধীন ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে বিজ্ঞপ্তিটি মাইক/ঢোলসহরতের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

২৪. সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

২৫. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

২৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, .............................. (সকল), মৌলভীবাজার

২৭. উপজেলা সমবায় কর্মকর্তা, .............................. (সকল), মৌলভীবাজার

২৮. চেয়ারম্যান, .......................................... ইউনিয়ন পরিষদ (সকল), মৌলভীবাজার (নোটিশ বোর্ড ও ওয়েব পোর্টালে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)

২৯. সম্পাদক, দৈনিক ভোরের কাগজ / দৈনিক মৌমাছি কন্ঠ ........................ [বিজ্ঞপ্তিটি পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে (Single Space) আগামী ২৯.০৭.২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রকাশ এবং বিজ্ঞাপনটি প্রকাশের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ০৫ (পাঁচ) টি পত্রিকার কপিসহ বিজ্ঞাপন বিল এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ]

২৮/০৭/২৪


(সুজিত কুমার চন্দ)

রেভিনিউ ডেপুটি কালেক্টর

ও

সদস্য সচিব

জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

মৌলভীবাজার

ফোন: ০২৯৯৬৬৮২৭২৭

ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd